



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা
www.lgd.gov.bd



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নম্বর : ৪৬.০০.০০০০.০৬৩.০৯.০০২.২০.৮০৬


তারিখ: ১৫ জ্যৈষ্ঠ ১৪৩০
২৯ মে ২০২৩

বিষয় : পৌরসভার অধিক্ষেত্রে টার্মিনাল ব্যতিরেকে সড়ক বা মহাসড়ক হতে টোল/ চাঁদা আদায় বন্ধ করা।

সূত্র : এ বিভাগের সমন্বয় ও কাউন্সিল শাখার স্মারক ৪৬.০০.০০০০৩৮.০০১.০০৭.২০২৩-১৫৫, তারিখ: ২২ মে ২০২৩।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, একাদশ জাতীয় সংসদের স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির ১৬তম বৈঠকে পৌরসভাসমূহের অধিক্ষেত্রে টার্মিনাল ব্যতিরেকে কোনো সড়ক বা মহাসড়কে পরিবহন হতে টোল/ চাঁদা উত্তোলন বন্ধ রাখার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে।

২। এমতাবস্থায়, পৌরসভার অধিক্ষেত্রে টার্মিনাল ব্যতিরেকে সড়ক বা মহাসড়ক হতে টোল/ চাঁদা আদায় সম্পূর্ণরূপে বন্ধ রাখার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


২৯/০৫/২০২৩

মোঃ আব্দুর রহমান
উপসচিব

ফোন: +৮৮০২৯৫১৪১৪২

ইমেইল: lqpaura1@lgd.gov.bd

মেয়র

..... পৌরসভা (সকল)

অনুলিপি:

১. অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. যুগ্মসচিব (নগর উন্নয়ন-২ অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. উপসচিব (পৌর-২/ সমন্বয় ও কাউন্সিল), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা